## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা–বিনি/বিজ্ঞপ্তি/৭৪/০৩/২০৩ তারিখঃ ২৬-১০-২০২৫ খ্রি.

# জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন প্রসঙ্গে।

সূত্র : ১। শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং : ৩৭.০০.০০০০.০৯১.৩৯.০০১.২৪.৫১৮, তারিখ : ০১-০৯-২০২৪ খ্রি.

২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্র নং : ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.৩২৯২, তারিখ : ২৩-১০-২০২৩ খ্রি.

৩। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকার পত্র নং : ৩৭.০৬.০০০০.৪০২.০৬৮.০২.৩৬, তারিখ : ০২-১০-২০২৪ খ্রি.

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণকে অবগত করা যাচ্ছে যে, ৯ম শ্রেণিতে ভর্তি ও নবম শ্রেণিতে অধ্যয়নরত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নিবন্ধন সংক্রান্ত তথ্য নিম্নে প্রদত্ত সময় ও বিষয় অনুযায়ী আপলোড করতে হবে-

১। ৮ম শ্রেণির সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে অবশ্যই শিক্ষার্থীকে ৯ম শ্রেণিতে ভর্তি হতে হবে। ৮ম শ্রেণি ২০২২ ও ৮ম শ্রেণি ২০২৩ উত্তীর্ণ এবং ৮ম শ্রেণি ২০২৪ শিক্ষাবর্ষে নিবন্ধনকৃত শিক্ষার্থীরা স্ব-স্ব বিদ্যালয় থেকে প্রশংসাপত্র গ্রহণপূর্বক যেকোন বিদ্যালয়ে ৯ম শ্রেণিতে ভর্তি হতে পারবে। সে ক্ষেত্রে বোর্ডের পূর্বানুমতি প্রয়োজন হবে না। ৯ম শ্রেণিতে ভর্তিকৃত সকল শিক্ষার্থীর তথ্য অনলাইনে আপলোড করতে হবে। অনলাইনে আপলোডকৃত তথ্য না থাকলে শিক্ষার্থী বলে গণ্য করা যাবে না।

২। ৯ম শ্রেণিতে অধ্যয়নরত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিস ১৬ ক্রমিকে উল্লিখিত সময়ে জমা দিতে হবে। ব্যাংক থেকে প্রদত্ত সোনালী সেবার তথ্য অনলাইনের মেন্যুতে বর্ণিত নিয়ম অনুযায়ী দাখিল করতে হবে। কোনক্রমেই টিটি/ডিডি/পে-অর্ডার গ্রহণযোগ্য নয়। ব্যাংক থেকে প্রদত্ত সোনালী সেবার জমাদানকারীর অংশ সংরক্ষণ করতে হবে।

৩। শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নিবন্ধন কমিটি গঠন করতে হবে এবং কমিটি আপলোডকৃত শিক্ষার্থীদের তথ্য প্রিন্ট করে যাচাইপূর্বক সকল সদস্যের স্বাক্ষরসহ প্রধান শিক্ষকের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। যে কোন প্রকার ভুলত্রুটির জন্য প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন।

৪। রেজিস্ট্রেশন কার্যে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক, শিক্ষার্থীদের বিভাগ/গ্রুপ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) এবং বিষয় সম্পর্কে অবগত করাবেন। পরবর্তীতে শিক্ষার্থীরা তাদের অভিভাবকদের সাথে আলাপ করে কোন বিভাগ/গ্রুপ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) নেবে তা নিশ্চত হতে হবে। এরপর সংশ্লিষ্ট বিভাগ/গ্রুপ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) রেজিস্ট্রেশন করার জন্য শিক্ষার্থীরা প্রধান শিক্ষক বরাবর লিখিতভাবে আবেদন করবে। উক্ত আবেদনে উল্লিখিত বিভাগ/গ্রুপ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত শিক্ষক সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করবেন।

উল্লেখ্য, শিক্ষার্থীদের ৮ম শ্রেণির বার্ষিক পরীক্ষার ফলাফল বিবেচনা করে গ্রুপ বিভাজন করা যেতে পারে।

৫। যে সকল প্রতিষ্ঠানে কম্পিউটারসহ ইন্টারনেট সংযোগ নেই তাদেরকে নিকটবর্তী ইউনিয়ন ই-সেবা কেন্দ্রের মাধ্যমে তথ্য আপলোড করতে হবে। কোনক্রমেই কোন দোকান/ব্যক্তিগত প্রতিষ্ঠানে নিবন্ধনের কাজ করা যাবে না।

৬। শিক্ষার্থীদের তথ্য আপলোডকৃত হার্ডকপি (প্রিন্ট কপি) এর সাথে পরবর্তীতে নিবন্ধন কার্ড যাচাই করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে পরীক্ষার ফরম পূরণের পূর্বে সংশোধন করতে হবে। প্রয়োজনে সংরক্ষণের জন্য প্রধান শিক্ষকের স্বাক্ষরিত নিবন্ধনের তথ্য কপি (প্রিন্ট কপি) বোর্ডের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

৭। ১লা মার্চ ২০২৫ খ্রি. তারিখে ৯ম শ্রেণির হাজিরা খাতা অনুযায়ী (উপস্থিত/অনুপস্থিত) সকল শিক্ষার্থীর তথ্য নিবন্ধনের জন্য প্রদান করতে হবে। নিবন্ধনের ক্ষেত্রে শ্রেণি রোলের ধারাবাহিকতা অবশ্যই বজায় রাখতে হবে। ভুলবশত কোন শিক্ষার্থী নিবন্ধন থেকে বাদ পড়লে তার জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৮। জেলা/উপজেলা বয়েজ স্কাউট/গার্লস গাইড ফিস বকেয়াসহ (যদি থাকে) পরিশোধ করে রশিদ দাখিল করতে হবে।

৯। শিক্ষার্থীদের নিকট থেকে নির্ধারিত ফিসের বেশি অর্থ কোনক্রমেই আদায় করা যাবে না।

১০। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরীরত কোন কর্মকর্তা-কর্মচারী বদলিজনিত কারণে তাঁর পোষ্যকে বোর্ড পরিবর্তন করে বিদ্যালয় পরিবর্তন করতে চাইলে বদলি আদেশের ০৩ (তিন) মাসের মধ্যে বদলিকৃত স্থানের বিদ্যালয়ে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি করতে পারবেন। সেক্ষেত্রে বোর্ডের কোন পূর্বানুমতি বা ফিস লাগবে না। যশোর বোর্ডের অধীনে এক বিদ্যালয় হতে অন্য বিদ্যালয়ে বদলির ক্ষেত্রে পূর্বানুমতি বা ফিস লাগবে না, কেবলমাত্র বদলি আদেশের ভিত্তিতে পাঠরত বিদ্যালয়কে ছাড়পত্র প্রদান করতে হবে। ভর্তি গ্রহণকারী বিদ্যালয় ছাড়পত্র, বদলি আদেশ ও যোগদান পত্রের ভিত্তিতে ভর্তি করবেন এবং ভর্তি গ্রহণকারী বিদ্যালয়ের প্রধান শিক্ষক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত ভর্তি অনুমোদনের জন্য বোর্ডে আবেদন করবেন। উক্ত আবেদনের সাথে ছাড়পত্র, বদলি আদেশ ও যোগদান পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। ৩০ (ত্রিশ) দিন অতিক্রান্ত হলে ফিসবাবদ নির্ধারিত ৮০০/- (আটশত টাকা মাত্র) টাকা সোনালী সেবার মাধ্যমে (সচিবের অনুকূলে) দাখিল করতে হবে।

চলমান পাতা

Arif

১১। অন্য বোর্ড হতে আগত শিক্ষার্থীদের ক্ষেত্রে পূর্বতন বোর্ডের নিবন্ধন রশিদ (প্রাপ্তির পর) বোর্ডে জমা দিতে হবে। শিক্ষার্থী বিভাগ ও বিষয় ভর্তিচ্ছুক বিদ্যালয়ে পড়াবার জন্য বোর্ডের অনুমতি থাকলেই ভর্তি করা যাবে। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত ভিন্ন অন্য কোন ব্যক্তি তার পোষ্যকে যুক্তিসংগত কারণ থাকলে ৮০০/- (আটশত টাকা মাত্র) টাকা ফিস প্রদানপূর্বক বোর্ডের আওতাধীন যেকোন বিদ্যালয়ে ভর্তির জন্য অনলাইনে ছাড়পত্রের (e-TC) অনুমতি প্রাপ্তির আবেদন করতে পারবেন। ছাড়পত্রের (e-TC) অনুমতির জন্য অনলাইনে আবেদনের সময়সীমা ১০ম শ্রেণির জন্য ১ মার্চ ২০২৬ হতে ৩০-০৯-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত চলমান থাকবে। কোন অবস্থাতেই উল্লিখিত সময়ের পর ছাড়পত্রের (e-TC) অনুমতি প্রদান করা হবে না। উল্লিখিত সময়ের পর সকল প্রধান শিক্ষককে কোন অবস্থাতেই ছাড়পত্রের আবেদনে সুপারিশ/স্বাক্ষর না করার জন্য বলা হল। উল্লেখ থাকে যে একটি বিদ্যালয়ে একটি শ্রেণিতে ১৫ জনের অধিক শিক্ষার্থী ছাড়পত্র (e-TC) এর মাধ্যমে ভর্তি হতে পারবে না। বোর্ডের অভ্যন্তরে (e-TC) এবং আন্তঃবোর্ড বদলী/ছাড়পত্র (e-BTC) অনলাইনে আবেদন এবং সোনালী সেবা করার নিয়মাবলী নিম্নরূপ:

# যশোর বোর্ডের ওয়েবসাইট (www.jessoreboard.gov.bd) ভিজিট করুন।
# বামপাশের **Our Services** থেকে **Institute Panel** বাটনে ক্লিক করুন।
# প্রতিষ্ঠানের **EIIN** ও **Password** দিয়ে লগইন করুন।
# বামপাশের মেন্যুবার থেকে **e-TC Application→ Creat Application** মেন্যুতে ক্লিক করুন।
# আবেদন ফরম পূরণ করে সাবমিট করুন। সাবমিট করার পর সোনালী সেবা প্রিন্ট করে সোনালী ব্যাংকে ফিস জমা করুন।
# সোনালী ব্যাংকে ফিস জমা হলে এবং ভর্তিচ্ছু বিদ্যালয় কর্তৃক অনলাইনে একই প্যানেল থেকে গ্রহণ করলে (Accept) স্বয়ংক্রিয়ভাবে e-TC আবেদন অনুমোদন হয়ে যাবে। অনুমোদনের পর একই প্যানেল থেকে চিঠি প্রিন্ট করা যাবে।
# আন্তঃবোর্ড ছাড়পত্র/বদলী (e-BTC) এর ক্ষেত্রে উপরে বর্ণিত একই পদ্ধতি অনুসরণ করতে হবে। তবে ভর্তিচ্ছু বিদ্যালয় কর্তৃক অনলাইনে (Accept) করার প্রয়োজন নেই।

১২। নিবন্ধনের সময় লক্ষ্য রাখতে হবে যে, কোন শিক্ষার্থীর বয়স পরীক্ষা বর্ষে ০১ জানুয়ারিতে অবশ্যই ন্যূনতম ১৪ বছর ০১ (এক) দিন এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ২০ বছর।

১৩। বিদ্যালয়ে চতুর্থ বিষয়সমূহের ও বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখার স্থায়ী অনুমতি না থাকলে প্রতি বিষয়ের জন্য ২০০০/- (দুই হাজার) টাকা ও প্রতি শাখার জন্য ৩০০০/- (তিন হাজার ) টাকা বিশেষ অনুমতি ফিস সোনালী সেবার মাধ্যম সচিবের অনুকূলে জমা দিতে হবে। উল্লেখ্য উক্ত বিষয় ও শাখাসমূহ পাঠদানের জন্য উপযুক্ত শিক্ষক, শিক্ষা সরঞ্জাম ও অবকাঠামো থাকতে হবে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিশেষ অনুমতির আবেদনপূর্বক বোর্ডের অনুমতি গ্রহণ করবেন, অন্যথায় ঐ সকল শাখা/বিষয়ের শিক্ষার্থীদের তথ্য অনলাইনে প্রেরণ করা যাবে না।

১৪। যশোর বোর্ডের ওয়েবসাইট (www.jessoreboard.gov.bd) বামপাশের মেন্যু থেকে Student Management বাটনে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করে শিক্ষার্থীর নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বোর্ডের ওয়েবসাইটের LATEST NOTICE এ প্রদত্ত জেলাভিত্তিক মাষ্টার ট্রেইনারদের নিকট থেকে সেবা সংক্রান্ত সহায়তা নেয়ার জন্য যোগাযোগ করা যাবে। বিশেষ প্রয়োজনে যশোর শিক্ষা বোর্ডের নিম্নলিখিত মোবাইল নম্বরগুলো হতে সহায়তা পাওয়া যাবে।
মোবাইল নম্বর : ০১৭১১-২৭১৪৯৭, ০১৭৩৪-২১৩২৯১, ০১৭১৫-৮৫১১৪৫ ও ০১৭৩২-৫০২৭৮৯

১৫। ক) ৯ম শ্রেণির শিক্ষার্থীদের ফিসের হার (শিক্ষার্থী প্রতি)

| ক্রমিক | ফিসের প্রকার | টাকা (শিক্ষার্থী প্রতি) |
|---|---|---|
| ০১। | নিবন্ধন ফিস | ১০০/- |
| ০২। | ক্রীড়া ফিস | ৫০/- |
| ০৩। | বয়েজ স্কাউট | ২৫/- |
| ০৪। | গার্লস গাইড ফিস | ১৫/- |
| ০৫। | বিজ্ঞান ও প্রযুক্তি | ০৫/- |
| ০৬। | রেড ক্রিসেন্ট ফিস | ১৬/- |
| ০৭। | বিএনসিসি | ০৫/- |
| ০৮। | বেসরকারী অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিল | ১০০/- |

শিক্ষার্থী প্রতি মোট ফিস টাকা = ৩১৬/- (তিনশত ষোল টাকা মাত্র)।

খ) শিক্ষার্থী প্রতি বিলম্ব নিবন্ধন ফিস ৫০/- (পঞ্চাশ ) টাকা।

গ) শি. ম-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬. তারিখ ১৭/১২/২০২০ স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী রেড ক্রিসেন্ট ফিস বাবদ শিক্ষার্থী প্রতি ২০/- (বিশ) টাকার স্থলে ৪০/- (চল্লিশ) টাকা হারে বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

ঘ) শিক্ষার্থী প্রতি রেড ক্রিসেন্ট ফিস ৪০/- (চল্লিশ) টাকা হারে আদায় করে আদায়কৃত অর্থের ৬০% সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০% শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

চলমান পাতা

Arif

৬) অন্যান্য ফিসের হার (প্রতিষ্ঠান প্রতি)

| ক্রমিক | ফিসের প্রকার | টাকা (প্রতিষ্ঠান প্রতি) |
|---|---|---|
| ০১। | পাঠ্যসূচি ও মান বণ্টন ফিস | ৫১/- |
| ০২। | বার্ষিক ক্রীড়া অধিভুক্তি ফিস | ৩০০/- |
| ০৩। | বার্ষিক বয়েজ স্কাউট/গার্লস গাইড অধিভুক্তি ফিস | ২০/- |

বিদ্যালয় প্রতি মোট ফিস : ৩৭১/- (তিন শত একাত্তর টাকা মাত্র)।

১৬। জমা দানের সময়সূচি

| বিবরণ | তারিখ |
|---|---|
| বিলম্ব ফিস ব্যতীত নিবন্ধন জমা দেওয়ার সময়সীমা | ২৭-১০-২০২৫ হতে ২০-১১-২০২৫ |
| বিলম্ব ফিস ব্যতীত সোনালী সেবার টাকা জমা দেওয়ার সময়সীমা | ২৭-১০-২০২৫ হতে ২০-১১-২০২৫ |
| বিলম্ব ফিস সহ নিবন্ধন জমা দেওয়ার সময়সীমা | ২১-১১-২০২৫ হতে ৩০-১১-২০২৫ |
| বিলম্ব ফিস সহ সোনালী সেবার টাকা জমা দেওয়ার সময়সীমা | ২১-১১-২০২৫ হতে ৩০-১১-২০২৫ |

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
ড. মোঃ কামরুজ্জামান
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/০৩/২০৩ (১-৮) তারিখঃ ২৬-১০-২০২৫ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
২। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৩। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৪। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
৮। সংরক্ষণ নথি।

২৬/১০/২৫

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
ফোন : ০২৪৭৭৭৬২৭২৮

Arif